চুয়াডাঙ্গায় শিক্ষার্থীদের মধ্যে বসুন্ধরা শুভসংঘের গাছের চারা বিতরণ

সবুজে সুন্দর আগামী গড়ার প্রত্যয়ে চুয়াডাঙ্গায় স্কুল শিক্ষার্থীদের মধ্যে গাছের চারা বিতরণ করেছে বসুন্ধরা শুভসংঘ। বসুন্ধরা টিস্যুর পক্ষ থেকে প্রকৃতির জন্য নতুন উদ্যোগের অংশ হিসেবে এ কর্মসূচি পালন করা হয়।

সোমবার (২২ জুন) বেলা ১১টায় শহরের রাহেলা খাতুন গার্লস একাডেমি স্কুল প্রাঙ্গণে ২শ’ শিক্ষার্থীদের মাঝে বিভিন্ন প্রজাতির ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা বিতরণ করা হয়। এসময় স্কুল প্রাঙ্গণে গাছের চারা রোপণ করেন অতিথিরা।

বসুন্ধরা শুভসংঘ চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি অ্যাডভোকেট আ.স.ম আব্দুর রউফের সভাপতিত্বে এ কর্মসূচিতে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের প্রশাসক শরীফুজ্জামান। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক নয়ন কুমার রাজবংশী, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি নাজমুল হক স্বপন, চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সাধারন সম্পাদক কামরুজ্জামান সেলিম, জেলা দোকান মালিক সমিতির সভাপতি মঞ্জুরুল আলম মালিক লার্জ, সাধারন সম্পাদক সুমন পারভেজ খাঁন, কোষাধ্যক্ষ পলাশ কুমার সাহা, জেলা জাসাসের সাধারন সম্পাদক সেলিমুল হাবীব, রাহেলা খাতুন গার্লস একাডেমির প্রধান শিক্ষক হাবিবুর রহমানসহ শিক্ষকবৃন্দ।

পুরো অনুষ্ঠানটি পরিচালনা করেন বসুন্ধরা শুভসংঘ চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারন সম্পাদক হেমন্ত কুমার সিংহ রায়। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কমিটির উপদেষ্টা জামান আখতার, জিসান আহমেদ, দপ্তর সম্পাদক শেখ লিটন, প্রচার-প্রকাশনা বিষয়ক সম্পাদক শামসুজ্জোহা রানা, কর্ম ও পরিকল্পনা বিষয়ক সম্পাদক সাকিব বিশ্বাস, ক্রীড়া সম্পাদক সালমান ফার্সি ও সদস্য নাফিস আহমেদ।

চুয়াডাঙ্গা জেলা পরিষদের প্রশাসক শরীফুজ্জামান বলেন, বর্তমান সময়ে জলবায়ু পরিবর্তন, তাপমাত্রা বৃদ্ধি, বায়ুদূষণ ও পরিবেশগত ভারসাম্যহীনতা বিশ্বব্যাপী উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। বাংলাদেশও এর বাইরে নয়। বিশেষ করে শহরাঞ্চলে বৃক্ষনিধন ও

অপরিকল্পিত নগরায়ণের কারণে সবুজের পরিমাণ ক্রমেই কমে যাচ্ছে। এমন বাস্তবতায় বর্তমান জনবান্ধব সরকারের মাননীয় প্রধানমন্ত্রীও আগামী ৫ বছরে ২৫ কোটি বৃক্ষ রোপণের ঘোষনা দিয়েছেন এবং কর্মসূচি শুরু হয়েছে। এর সাথে বসুন্ধরা শুভসংঘ শিক্ষার্থীদের হাতে গাছের চারা তুলে দেওয়ার উদ্যোগ ব্যাপক সময়োপযোগী ও প্রশংসনীয়।

অতিরিক্ত জেলা প্রশাসক নয়ন কুমার রাজবংশী বলেন, একটি গাছ শুধু পরিবেশের সৌন্দর্যই বাড়ায় না, এটি মানুষের জীবন রক্ষায়ও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। গাছ বাতাস থেকে কার্বন ডাই-অক্সাইড শোষণ করে অক্সিজেন সরবরাহ করে, মাটির ক্ষয়রোধ করে, জীববৈচিত্র্য সংরক্ষণে সহায়তা করে এবং তাপমাত্রা নিয়ন্ত্রণে রাখে। তাই প্রতিটি মানুষকে অন্তত একটি করে গাছ লাগানো এবং তার পরিচর্যার দায়িত্ব নেওয়া উচিত। বসুন্ধরা শুভসংঘের এই উদ্যোগ প্রতিটি এলাকায় ছড়িয়ে পড়ুক।

রাহেলা খাতুন গার্লস একাডেমির শিক্ষার্থীরা গাছের চারা পেয়ে উচ্ছ্বাস প্রকাশ করে। শিক্ষার্থীরা জানান, তারা নিজ বাড়ির আঙিনা কিংবা শিক্ষা প্রতিষ্ঠানের খালি জায়গায় এসব চারা রোপণ করবে এবং নিয়মিত পরিচর্যা করবে। শিক্ষার্থীদের মতে, একটি গাছ বড় হয়ে ওঠা দেখার মধ্যেও রয়েছে আলাদা আনন্দ এবং দায়িত্ববোধের শিক্ষা।

পরে স্কুল প্রাঙ্গণে গাছের চারা রোপণ করেন অতিথি ও শিক্ষার্থীরা।

মেহেরপুরে বসুন্ধরা শুভ সংঘের সামাজিক সম্প্রীতি ও সহনশীলতা বিষয়ক আলোচনা সভা

মেহেরপুরে বসুন্ধরা শুভ সংঘের উদ্যোগে “সামাজিক সম্প্রীতি ও সহনশীলতা জোরদারকরণে ভূমিকা” শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেলে শহরের একটি স্থানীয় পত্রিকার কার্যালয়ে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন বসুন্ধরা শুভ সংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি রফিকুল আলম বকুল।

আলোচনা সভায় বক্তারা বলেন, সমাজে শান্তি, সম্প্রীতি ও পারস্পরিক সহনশীলতা বজায় রাখতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। সামাজিক বিভেদ, গুজব ও অসহিষ্ণুতার বিরুদ্ধে সচেতনতা সৃষ্টি এবং মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠায় যুবসমাজকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে।

সভায় বক্তব্য দেন সংগঠনের উপদেষ্টা মো. ইয়াদুল মোমিন, মো. নাসের চৌধুরী, সিনিয়র সহ-সভাপতি ফিরোজা আহমেদ, শুকুর আলী, আক্তারুজ্জামান হীরা, সাধারণ সম্পাদক সৈয়দ মাহফুজুর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক সাজিদ ইসলাম ও আসাদুজ্জামান রাজু, সাংগঠনিক সম্পাদক মুনতাসির মাহমুদ, দপ্তর সম্পাদক রাফি হাসান, প্রচার ও প্রকাশনা সম্পাদক সাকিব হাসান রুদ্র, অর্থ সম্পাদক সানোয়ার হোসেন, কর্ম ও পরিকল্পনা সম্পাদক আহমেদ হোসাইন, নারী বিষয়ক সম্পাদক মৌসুমী খাতুন, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আজরা জামী বৃষ্টি, সহ-সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আলফিও তীর্থ বালা, ক্রীড়া সম্পাদক রাকিবুল ইসলাম, তথ্য ও যোগাযোগ বিষয়ক সম্পাদক ইয়াসির ইউসুফ ইমন, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক রাকিব হোসেন, আপ্যায়ন বিষয়ক সম্পাদক রোকনসহ কার্যনির্বাহী সদস্য অনিক ইসলাম, মোস্তফা জাবাল, উম্মে মুবাশ্বারা ইসলাম মুনিয়া ও সাকিব শেখ।

চুয়াডাঙ্গায় বসুন্ধরা শুভসংঘের নবগঠিত কমিটির পরিচিতি সভা

বসুন্ধরা শুভসংঘের চুয়াডাঙ্গা জেলা শাখার নতুন কমিটির পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বেলা এগারোটায় শহরের কোর্ট মোড়ের স্থানীয় দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার মিলনায়তনে এ সভার আয়োজন করা হয়। শুভসংঘের নবনির্বাচিত সভাপতি অ্যাড. আ স ম আব্দুর রউফের সভাপতিত্বে কমিটির ৩০ জন সদস্য সভায় অংশ নেন।

নবনির্বাচিত সাধারণ সম্পাদক হেমন্ত কুমার সিংহ রায়ের সঞ্চালনায় পরিচিতি সভায় দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন উপদেষ্টা নাজমুল হক স্বপন, অ্যাড. মারুফ সারোয়ার বাবু, তালিম খসরু, জামান আখতার ও জিসান আহমেদ।

নবনির্বাচিত কমিটির সহ-সভাপতি ড. মুন্সি আবু সাঈফ, কামাল উদ্দীন জোয়ার্দ্দার; যুগ্ম সাধারণ সম্পাদক জান্নাতুল আওলিয়া নিশি, অ্যাড. নাজমুল আহসান; সাংগঠনিক সম্পাদক কামরুজ্জামান সেলিম; দপ্তর সম্পাদক শেখ লিটন; প্রচার ও প্রকাশনা সম্পাদক শামসুজ্জোহা রানা; অর্থ সম্পাদক পলাশ কুমার সাহা; কর্ম ও পরিকল্পনা সম্পাদক সাকিব বিশ্বাস; নারী বিষয়ক সম্পাদক মাহমুদা অনি; সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক মনোয়ারা খুশি; সমাজকল্যাণ সম্পাদক সাইফুল্লাহ আল সাদিক; ক্রীড়া সম্পাদক সালমান ফারসি; তথ্য ও যোগাযোগ সম্পাদক সোহানুর রহমান; বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক জান্নাতুল মাওয়া; শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ডা. রেজওয়ানুল হক সজীব; আপ্যায়ন বিষয়ক সম্পাদক তানজিম তমাল এবং কার্যনির্বাহী সদস্য সুমন পারভেজ, হুমায়ুন কবির রিমু, হেলেনা নাসরিন, সামিউল ইসলাম, মইন আশরাফ, ফিরোজ হোসেন, মিকাইল হোসেন, রাসেল আলী, নাফিস আহমেদ, কামাল পাশা ও সাদমান সাকিব রাকেশ উপস্থিত ছিলেন।

পরিচিতি সভায় উপদেষ্টা ও দৈনিক সময়ের সমীকরণ এর প্রধান সম্পাদক নাজমুল হক স্বপন বলেন, “বসুন্ধরা অর্থ পৃথিবী আর শুভসংঘ অর্থ শুভ কাজের জন্য একত্রিত হওয়া। পৃথিবীর সকল শুভ ও ভালো কাজের জন্য একত্রিত করার যে উদ্যোগ, তা নিশ্চয় সফলতা আনবে। এজন্য বসুন্ধরা গ্রুপকে ধন্যবাদ জানাই।”

উপদেষ্টা ও জেলা জজ কোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাড. মারুফ সারোয়ার বাবু বলেন, “বসুন্ধরা শুভসংঘের স্লোগান ‘শুভ কাজে সবার পাশে’। অর্থাৎ, সকল ভালো কাজের সঙ্গে বসুন্ধরা শুভসংঘ থাকবে এটিই প্রত্যাশা করি। এজন্য আমাদের সর্বাত্মক সহযোগিতা থাকবে।”

পরিচিতি সভা শেষে চুয়াডাঙ্গা জেলা আইনজীবী সমিতি চত্বরে একটি গাছের চারা রোপণ করা হয়। ‘গাছ লাগাই, ভবিষ্যৎ বাঁচাই’ প্রতিপাদ্যকে সামনে রেখে নতুন কমিটির শুভ উদ্যোগ হিসেবে গাছ লাগিয়ে কার্যক্রমের সূচনা করা হয়।

এ সময় শুভসংঘ চুয়াডাঙ্গা জেলা সভাপতি অ্যাড. আ স ম আব্দুর রউফ বলেন, “শুভসংঘের এমন মহৎ উদ্যোগ সত্যিই সময়োপযোগী ও অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ধরনের কর্মসূচি সকলের মধ্যে সামাজিক দায়বদ্ধতা, পরিবেশ-সচেতনতা এবং মানবিক মূল্যবোধ গড়ে তোলে। শুধু প্রাতিষ্ঠানিক শিক্ষায় সীমাবদ্ধতা নেই, প্রকৃত শিক্ষা তখনই পূর্ণতা পায় যখন আমরা সমাজের জন্য, পরিবেশের জন্য কিছু করতে পারি।”

কর্মসূচিতে শুভসংঘ চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক হেমন্ত কুমার সিংহ রায় বলেন, “জলবায়ু পরিবর্তন, উষ্ণতা বৃদ্ধি এবং দিন দিন কমে যাওয়া সবুজ ভূমি আমাদের ভবিষ্যতের জন্য হুমকি হয়ে দাঁড়িয়েছে। আমরা বিশ্বাস করি, একটি গাছ লাগানো মানে একটি প্রাণ রক্ষা করা। এই কর্মসূচির মাধ্যমে আমরা পরিবেশ রক্ষায় তরুণদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে চাই।”

উল্লেখ্য, বসুন্ধরা গ্রুপের সহযোগিতায় পরিচালিত বসুন্ধরা শুভসংঘ দেশের বিভিন্ন প্রান্তে তরুণদের সম্পৃক্ত করে সমাজকল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। চুয়াডাঙ্গা জেলা শাখাও এ কার্যক্রমে অঙ্গীকারবদ্ধ।

ঝিনাইদহে বেদে পল্লীর শিশুদের জন্য বসুন্ধরা শুভসংঘের ঈদ উপহার

ঝিনাইদহ শহরের পবহাটি এলাকার একটি খাসজমিতে কয়েক বছর ধরে ৩৮টি অসহায় বেদে পরিবার বসবাস করছে। এসব পরিবারের বাচ্চাদের জন্য নতুন পোশাক তো দূরের কথা, দুবেলা দুমুঠো খাবারের ব্যবস্থাই করা কষ্টসাধ্য। এমন অবস্থায় এবার বসুন্ধরা শুভসংঘ ঝিনাইদহ জেলা শাখার সদস্যরা তাদের পাশে দাঁড়িয়েছে।

গতকাল রবিবার বিকেলে শহরের পবহাটি এলাকার বেদে পল্লীতে বসুন্ধরা শুভসংঘ ঝিনাইদহ জেলা শাখার উদ্যোগে শিশুদের জন্য ভালোবাসায়

মোড়ানো নতুন পোশাক বিতরণ করা হয়। ঈদের আগে নতুন জামা-কাপড় পেয়ে শিশুদের অভিভাবকরা খুশি হয়েছেন।

বেদে পল্লীর বাসিন্দা ঈসমাইল হোসেন বলেন, ‘আমাদের আগের মতো কেউ আর মূল্যায়ন করে না। বাপ-দাদার পৈতৃক পেশা ধরে রেখেছি, কিন্তু আয়-রোজগার নেই। ভাবছিলাম, ঈদে ছোট দুটো ছেলেমেয়েকে কী দেবো! এরই মধ্যে বসুন্ধরা শুভসংঘ আমাদের সন্তানদের জন্য নতুন পোশাক দিয়েছে। আমরা তাদের প্রতি কৃতজ্ঞ।’

বসুন্ধরা শুভসংঘ ঝিনাইদহ জেলা শাখার সভাপতি বীর মুক্তিযোদ্ধা লিয়াকত হোসেন বলেন, ‘বেদে পল্লীর মানুষগুলো সমাজের অবহেলিত অংশ। কিন্তু ওরাও এই সমাজেরই মানুষ, বেঁচে থাকার অধিকার তাদেরও রয়েছে। বসুন্ধরা শুভসংঘের মানবিক কার্যক্রমের অংশ হিসেবে আমরা তাদের পাশে দাঁড়িয়েছি।’

জেলা কমিটির সাধারণ সম্পাদক কেয়া রানী প্রামাণিক বলেন, ‘সমাজের অবহেলিত মানুষের জন্য আমরা কাজ করে যাচ্ছি। এরই ধারাবাহিকতায় বেদে পল্লীর শিশুদের মাঝে আমাদের ভালোবাসায় মোড়ানো নতুন পোশাক বিতরণ করেছি। জেলাব্যাপী আমাদের এই কার্যক্রম অব্যাহত থাকবে।’

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বসুন্ধরা শুভসংঘ জেলা কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা লিয়াকত হোসেন, সাধারণ সম্পাদক কেয়া রানী প্রামাণিক, কালের কণ্ঠের জেলা প্রতিনিধি অরিত্র কুণ্ডু, আজকের পত্রিকার জেলা প্রতিনিধি আব্দুল্লাহ আল মাসুদ, রূপালি বাংলাদেশের জেলা প্রতিনিধি বাহারুল ইসলাম, শুভসংঘ জেলা কমিটির সহ-সভাপতি তাপস কুণ্ডু, যুগ্ম সাধারণ সম্পাদক নাহিয়ান আহমেদ, সাংগঠনিক সম্পাদক রিয়াজ আহমেদ, নির্বাহী সদস্য হাবিবুর রহমান সৌরভ, মুস্তাকিম হোসেন প্রমুখ।